## নয়া দিগন্ত



ঢাকা বিশ্ববিদ্যালয়ে জাগ্রত জুলাই কনসার্টের উদ্বোধনী বক্তব্য রাখছেন ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান

### ঢাবিতে 'জাগ্রত জুলাই' কনসার্ট অনুষ্ঠিত

ঐতিহাসিক জুলাই গণ-অভ্যুত্থানের প্রথম বার্ষিকী উদযাপন উপলক্ষে গত মঙ্গলবার সন্ধ্যায় রাজু ভাস্কর্য প্রাঙ্গণে 'জাগ্রত জুলাই' কনসার্ট অনুষ্ঠিত হয়। জুলাই যোদ্ধাদের সাহসিকতার প্রতি শ্রদ্ধা প্রদর্শন এবং ঐক্যের বার্তা দিতে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই কনসার্ট আয়োজন করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান কনসার্টের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

জুলাই জাগ্রত কনসার্ট আয়োজন সংক্রান্ত কমিটির আহ্বায়ক ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে কনসার্ট শুরু হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যান্ড সোসাইটি, ব্যান্ড দুর্গ, লালন ও ব্ল্যাক এই কনসার্টে পারফর্ম করে। শুধু ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যরা জমজমাট এই কনসার্ট উপভোগ করেন। কনসার্ট উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিরাপত্তা ■ ৪র্থ পৃ: ৫-এর কলামে

### ঢাবিতে 'জাগ্রত জুলাই'

৩য় পৃষ্ঠার পর

জোরদার করা হয়। বিশ্ববিদ্যালয়ের প্রবেশপথগুলোতে বহিরাগত প্রবেশে কড়াকড়ি আরোপ করা হয়। সুষ্ঠ, শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে বিপুল সংখ্যক শিক্ষার্থী কনসার্ট উপভোগ করেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান কনসার্ট উদ্বোধন করে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় সব সময় অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে। ঐতিহাসিকভাবেই জাতির জন্য সবসময় এই কাজটি করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। অনেক মানুষের আত্মত্যাগের বিনিময়ে আমরা আজ নতুন বাংলাদেশ পেয়েছি। আনন্দঘন ও মুক্ত পরিবেশে শিক্ষার্থীরা এই কনসার্ট উপভোগ করতে পারছে।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা গণ-অভ্যুত্থানে আত্মত্যাগকারীদের শ্রদ্ধার সাথে স্মরণ করে বলেন, মাসব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে আমরা জুলাই গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তি উদযাপন করছি। আমাদের তরুণরা জুলাই গণ-অভ্যুত্থানে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। তারুণ্যের শক্তি ও সাহসকে কাজে লাগিয়ে আমরা নতুন বাংলাদেশ গড়তে চাই।

প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, কনসার্টের মধ্য দিয়ে তরুণ প্রজন্ম ইতিহাসের সবচেয়ে ভয়ঙ্কর ফ্যাসিস্ট পতনের বর্ষপূর্তি উদযাপন করছে। এই উদযাপনের অনুরণন অনেক দিন ধরে শিক্ষার্থীদের মধ্যে থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সভাপতির বক্তব্যে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী গণ-অভ্যুত্থানের চেতনা সমুন্নত রেখে একটি অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণের লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। বিজ্ঞপ্তি।

## আজকালের খবর



### ঢাবিতে 'জাগ্রত জুলাই' শীর্ষক কনসার্ট

● নিজস্ব প্রতিবেদক

ঐতিহাসিক জুলাই গণ-অভ্যুত্থানের প্রথম বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গত মঙ্গলবার সন্ধ্যায় রাজু ভাস্কর্য প্রাঙ্গণে 'জাগ্রত জুলাই' শীর্ষক এক জমজমাট কনসার্ট অনুষ্ঠিত হয়। জুলাই যোদ্ধাদের সাহসিকতার প্রতি শ্রদ্ধা প্রদর্শন এবং ঐক্যের বার্তা দিতে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই কনসার্ট আয়োজন করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান কনসার্টের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। জুলাই জাগ্রত কনসার্ট আয়োজন সংক্রান্ত কমিটির আহ্বায়ক ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী'র সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সমবেত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে কনসার্ট শুরু হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যান্ড সোসাইটি, ব্যান্ড দুর্গ, লালন ও ব্ল্যাক এই কনসার্টে পারফর্ম করে। শুধু ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যরা জমজমাট এই কনসার্ট উপভোগ করেন। কনসার্ট উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিরাপত্তা জোরদার করা হয়। বিশ্ববিদ্যালয়ের প্রবেশপথগুলোতে বহিরাগত প্রবেশে কড়াকড়ি আরোপ করা হয়। সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে বিপুল সংখ্যক শিক্ষার্থী কনসার্ট উপভোগ করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান কনসার্ট উদ্বোধন করে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় সব সময় অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে। ঐতিহাসিকভাবেই জাতির জন্য সবসময় এই কাজটি করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। অনেক মানুষের আত্মত্যাগের বিনিময়ে আমরা আজ নতুন বাংলাদেশ পেয়েছি। আনন্দঘন ও মুক্ত পরিবেশে শিক্ষার্থীরা এই কনসার্ট উপভোগ করতে পারছে। সুশৃঙ্খলভাবে কনসার্ট আয়োজনের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



# The Country Today



## DU students secure top three positions in 24th Chinese Language Proficiency Contest

**DU Correspondent**

In the 24th edition of the "Chinese Bridge" Chinese Language Proficiency Competition at the university level, students from the University of Dhaka (DU) have secured the 1st, 2nd, and 3rd positions.

The contest was recently held at North South University. Vice-Chancellor of Dhaka University, Professor Dr. Niaz Ahmed Khan, congratulated the winners and honoured them at a reception held at his office on Monday.

In the preliminary round of the competition, 60 contestants from various public and private universities across the country took part. Among them, the top 10 were selected for the final round, including five students

Continued to page 2

## DU students secure

from DU's Department of Chinese Language and Culture.

The competition tested students' proficiency through three segments: Q&A, Hanzi writing, speeches in Chinese, and cultural talent displays. The five DU students showed remarkable excellence and secured all top three positions.

First Prize was awarded to Md. Bappi Sheikh (session 2021–2022) from the Department of Chinese Language and Culture for his performance with Chinese musical instruments and singing. Second Prize went to Sadia Khan and Umme Shams Mosammat Jannatun Nahar (both from session 2019–2020) for showcasing Chinese calligraphy, dance, and opera. Third Prize was shared by Md. Adnan Sakib (session 2019–2020) and Tasnia Islam Papri (session 2020–2021) for presenting Chinese rhymes and paintings in rhythm with Chinese music.